**পরশুরাম উপজেলা পরিষদ**

**পরশুরাম, ফেনী**

**নভেম্বর, ২০২১ মাসে অনুষ্ঠিত উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণী**

সভাপতি : জনাব কামাল উদ্দিন মজুমদার, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পরশুরাম, ফেনী
সভার স্থান : উপজেলা পরিষদ খোকা মিয়া মিলনায়তন
তারিখ ও সময় : ১৫ নভেম্বর ২০২১, দুপুর ১২:৩০ ঘটিকা
উপস্থিত ও অনুপস্থিত সদস্যবৃন্দ : পরিশিষ্ট 'ক' ও খ'তে সংযোজন করা হলো

সভাপতি প্রারম্ভে উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। অতঃপর উপজেলার সার্বিক উন্নয়ন কর্মকাণ্ড সম্পর্কে বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

| ক্রঃ নং | দপ্তর/ বিভাগ | আলোচনা, সিদ্ধান্ত ও বাস্তবায়ন |
|---|---|---|
| | বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন | বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হয় এবং কোন সংশোধনী না থাকায় সকল সদস্যের সম্মতিক্রমে দৃঢ়করণ করা হয়। |
| ১ | স্বাস্থ্য অফিস | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা সভায় জানান, নভেম্বর/২০২১ খ্রি মাসে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের হাসপাতালে ও মাঠ পর্যায়ের বিভিন্ন বিভাগ/ইউনিটের কাজের অগ্রগতি যথাক্রমেঃ ১। ইপিআই : মোট টিকা প্রাপ্ত শিশুর সংখ্যা ১১৬৯ জন এবং টিকা প্রাপ্ত মহিলার সংখ্যা ৬৫৪ জন। ২। কমিউনিটি ক্লিনিক : পরশুরাম উপজেলাধীন ০৩টি ইউনিয়ন ও ০১টি পৌরসভায় চালুকৃত ১২টি কমিউনিটি ক্লিনিকে মোট ৫০৩১ জন রোগীকে চিকিৎসা সেবা প্রদান করা হয়েছে। ৩। জরুরি বিভাগে চিকিৎসা প্রাপ্ত রোগীর সংখ্যা ৭২৫জন। ৪। বহিঃ বিভাগে চিকিৎসা প্রাপ্ত রোগীর সংখ্যা ৬১৯২জন। ৫। আন্তঃ বিভাগ : ভর্তিকৃত রোগীর সংখ্যা ৫৬৪জন। ৬। বেড অকুপেন্সি রেট : শয্যা সংখ্যা ৫০%, বেড অকুপেন্সি রেট ১০০% ৭। নরমাল ডেলিভারির সংখ্যা : ৬২টি। ৮। এ,আর, আই রোগীর সংখ্যা ১২৩ টি। ০৯। জখমী সনদ প্রদান ০টি। ১০। মাইনর অপারেশনের সংখ্যা ২২১ টি। ১১। ভিএসসি সেবা ০২ জন। ১২। উপ-স্বাস্থ্য কেন্দ্রসমূহে রোগীর সংখ্যা ৬৯৮জন। ১৩। ডায়রিয়া রোগীর সংখ্যা ১৪৯ জন। ১৪। প্যাথলজিক্যাল পরীক্ষা নিরীক্ষার সংখ্যা ৩২৪জন। ১৫। ইসিজি পরীক্ষার সংখ্যা : ৩২টি। ১৬। অক্টোবর/২০২১ খ্রি মাসে এ্যাম্বুলেন্সে রোগী পরিবহন এবং ইউজার ফি আদায় বাবদ মোট ৬২,৯০৬/- (বাষট্টি হাজার নয়শত ছয়) টাকা মাত্র সরকারি কোষাগারে জমা করা হয়েছে।<br>**করোনা ভাইরাস প্রতিরোধ সংক্রান্তঃ** করোনা ভাইরাস প্রতিরোধ কার্যক্রমে সরকার কর্তৃক ঘোষিত ও নির্দেশিত সকল কার্যক্রম বাস্তবায়নে পরশুরাম উপজেলা স্বাস্থ্য বিভাগ নিরলসভাবে কাজ করে যাচ্ছেন। এই পর্যন্ত অত্র উপজেলা হতে ৪৬৭৩ জনের নমুনা সংগ্রহ করে পরীক্ষার জন্য প্রেরণ করা হয়েছে। তন্মধ্যে ৪৬৪৭ জনের পরীক্ষার ফলাফল পাওয়া গেছে। উক্ত ফলাফলে স্বাস্থ্য বিভাগে কর্মরত ১৪ জনসহ মোট ১০৬০ জনের পজিটিভ রিপোর্ট পাওয়া গিয়েছে। সংক্রমনকৃত রোগীদেরকে জাতীয় গাইডলাইন ও নির্দেশিকা অনুযায়ী প্রয়োজনীয় চিকিৎসা প্রদান করা হচ্ছে। ইতিমধ্যে স্বাস্থ্য বিভাগের ১৪ জনসহ মোট ১০২৬ জন সুস্থ হয়েছে, ০৭ জন মৃত্যুবরন করেন এবং ২৭ জন আইসোলেশনে চিকিৎসাধীন আছেন। এছাড়া হাসপাতালের অন্যান্য সকল রুটিন কার্যক্রম/সেবা প্রদান যথাযথভাবে চলমান আছে।<br>**কোভিড-১৯ ভ্যাকসিনেশান কার্যক্রমঃ** কোভিড-১৯, প্রতিরোধে সাইনোফার্মা ১ম ও ২য় ডোজ টিকাদান কার্যক্রম চলিতেছে। ৮ ও ০৯/১১/২০২১ইং তারিখ এর-উপজেলাধীন সকল কমিউনিটি ক্লিনিকে ১ম ডোজের গনটিকা অনুষ্ঠিত হয়েছে। এযাবত ৩৬২২৭ জনকে ১ম ডোজ এবং ২২৭৫০ জনকে ২য় ডোজ টিকা প্রদান করা হয়েছে। সকলে নিবন্ধন সম্পন্ন করতঃ মেসেজ প্রাপ্তি স্বাপেক্ষে টিকা গ্রহণের জন্য অনুরোধ করা যাইতেছে।<br>**খুদে ডাক্তার কার্যক্রমঃ** ২৩-২৯ অক্টোবর ২১ খুদে ডাক্তার কর্তৃক শিক্ষার্থীদের স্বাস্থ্য পরীক্ষা কার্যক্রম অনুষ্ঠিত হয়েছে। খুদে ডাক্তার কর্তৃক স্বাস্থ্য পরীক্ষা কার্যক্রমটি শুধুমাত্র ৫-১৬ বছর বয়সী শিক্ষার্থী বা শিশু শ্রেণি থেকে দশম শ্রেণি বা সমপর্যায়ের শ্রেণি সমূহে অনুষ্ঠিত হয়েছে। এই কার্যক্রমের সকল শিক্ষার্থীদের ওজন উচ্চতা পরিমাপের মাধ্যমে স্বাস্থ্য পরীক্ষা করা হয়েছে। |
| ২ | প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, ২০২১-২২ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচীর (এডিপি) এর আওতায় ১ম কিস্তিতে সর্বমোট ১৪,১০,০০০/- টাকা মাত্র বরাদ্দ পাওয়া যায়। সেই মোতাবেক ০৪ কিস্তির সমপরিমান অর্থ এবং উন্নয়ন জমা খাতে মোট ৪৬,০০,০০০/- টাকা মাত্র। প্রাপ্ত তালিকা সংশ্লিষ্ট ০৩টি ইউনিয়ন পরিষদ হইতে পাওয়া যায়। সেই মোতাবেক প্রকল্পগুলি খাতওয়ারী যাচাই বাছাই করা হইবে। পরশুরাম উপজেলায় কোভিড-১৯ প্রতিরোধ এর জন্য স্থানীয় সরকার বিভাগ উপজেলা শাখা-২ হইতে ২,৪৮,০০০/- টাকা বরাদ্দ পাওয়া যায়। উক্ত টাকা মাস্ক, হ্যান্ড স্যানিটাইজার, এন্টিসেপটিক সাবান ও অক্সিজেন সিলিন্ডার সরবরাহ কাজে ব্যবহারের জন্য বলা হয় সেই প্রেক্ষিতে ০৭ সদস্য বিশিষ্ট প্রকল্প কমিটির মাধ্যমে বাস্তবায়ন করা যাইতে পারে। কমিটিসমূহ যথা: ১। জনাব এনামুল করিম মজুমদার, ভাইস চেয়ারম্যান, প্রকল্প সভাপতি ২। জনাব মোঃ এমরান হোসেন, সহকারী প্রোগ্রামার, সদস্য সচিব ৩। জনাব ফাতেমা নাসরিন, উপজেলা শিক্ষা অফিসার, সদস্য ৪। জনাব মোঃ জহির উদ্দিন পাটোয়ারী, সমবায় অফিসার, সদস্য ৫। জনাব মোঃ ফাহাদ ভূঁইয়া, উপসহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, সদস্য ৬। জনাব অজিৎ চন্দ্র দেব নাথ, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, সদস্য ৭। জনাব খোরশেদ আলম, উপসহকারী প্রকৌশলী, এলজিইডি, সদস্য। দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক। বাস্তবায়নেঃ উপজেলা প্রকৌশলী, পরশুরাম, ফেনী। |
| ৩ | উপজেলা পরিষদ কর্মচারীদের সিপিএফ হিসাব খোলা সংক্রান্ত | স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-০১ শাখা হতে ৪ জানুয়ারি ২০১১ প্রজ্ঞাপন এর অষ্টম অধ্যায়ের ৪৬ বিধি অনুযায়ী উপজেলা পরিষদে কর্মরত কর্মচারীদের সাধারণ ভবিষ্য তহবিল (সিপিএফ) হিসাব খোলা বিষয়ে সভার উপস্থাপন করা হয়। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদে কর্মরত ০৪ (চার) জন কর্মচারীদের প্রত্যেকের স্ব-স্ব নামে সাধারণ ভবিষ্য তহবিল (সিপিএফ) হিসাব খোলার জন সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়। প্রজ্ঞাপনের নির্দেশনা মোতাবেক বেতনের ১০% হারে এবং পরিষদ আয় হতে ১০% বাবদ হিসাব করে কর্তন পূর্বক জমা নিশ্চিত করার জন্যও সিদ্ধান্ত গৃহিত হয়। |

| | | |
|---|---|---|
| ৪ | কৃষি অফিস | উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক<br>বাস্তবায়নেঃ উপজেলা কৃষি কর্মকর্তা, পরশুরাম, ফেনী। |
| ৫ | প্রাণিসম্পদ অফিস | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান যে দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক<br>বাস্তবায়নেঃ উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা। |
| ৬ | সমাজসেবা অফিস | উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক।<br>বাস্তবায়নেঃ উপজেলা সমাজসেবা কর্মকর্তা, পরশুরাম, ফেনী। |
| ৭ | খাদ্য নিয়ন্ত্রণ অফিস | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান যে দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক। |
| ৮ | মৎস্য অফিস | উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক।<br>বাস্তবায়নেঃ উপজেলা মৎস্য কর্মকর্তা, পরশুরাম, ফেনী। |
| ৯ | সমবায় বিভাগ | উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক।<br>বাস্তবায়নেঃ উপজেলা সমবায় কর্মকর্তা, পরশুরাম, ফেনী। |
| ১০ | মাধ্যমিক শিক্ষা অফিস | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, তার কার্যালয়ের দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক। |
| ১১ | প্রাথমিক শিক্ষা অফিস | উপজেলা শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, তার কার্যালয়ের দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক। |
| ১২ | বিআরডিবি অফিস | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, তার কার্যালয়ের দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক। |
| ১৩ | বন অফিস | উপজেলা রেঞ্জ কর্মকর্তা সভায় জানান যে, ২০০৮-০৯ সালে ব্যক্তি উদ্যোগে সৃজিত পরশুরাম উপজেলাধীন পশ্চিম অলকা আর্মি খলিলের বাড়ি হইতে আলতাফ আলীর বাড়ি লোয়াপুর রেজিঃ প্রাথমিক বিদ্যালয় ধনীকুন্ডা কালিবাজার পাকা সড়ক ১.০ কিঃমিঃ বাগান মেয়াদ উত্তীর্ন হওয়ায় নষ্ট হয়ে যাচ্ছে। তাই সামাজিক বনায়ন বিধিমালা মোতাবেক বিক্রি করে শেয়ার বন্টন করে উক্ত স্থানে পুনঃরায় বনায়ন করা প্রয়োজন। অনন্তপুর মডেল হাইস্কুল হইতে বাঁশপদুয়া সড়কের অংশ পরশুরাম উত্তর বাজারে ঝুঁকিপূর্ন গুলো মেয়াদ উত্তীর্ন হওয়ায় নষ্ট হয়ে যাচ্ছে। তাই গাছ গুলো নীলামে বিক্রির করা প্রয়োজন। সিদ্ধান্ত : বন বিভাগ বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করবেন। তার কার্যালয়ের দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক। |
| ১৪ | প্রকল্প বাস্তবায়ন অফিস | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, তার কার্যালয়ের বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্প বাস্তবায়নের কার্যক্রম স্বাভাবিক। |
| ১৫ | শিশু বিষয়ক বিভাগ | উপজেলা শিশু বিষয়ক কর্মকর্তা জানান যে, তার কার্যালয়ের দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক। |
| ১৬ | যুব উন্নয়ন অফিস | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, তার কার্যালয়ের দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক। |
| ১৭ | মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয় সংক্রান্ত | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, তার কার্যালয়ের দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক। |
| ১৮ | আনসার ভিডিপি অফিস | উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা সভায় জানান যে, তার কার্যালয়ের দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক। |
| ১৯ | আমার বাড়ি আমার খামার ও পল্লী সঞ্চয় ব্যাংক | ব্যবস্থাপক, আমার বাড়ি আমার খামার ও পল্লী সঞ্চয় ব্যাংক সভায় জানান দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক।<br>বাস্তবায়নেঃ ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, আমার বাড়ী আমার খামার, পরশুরাম, ফেনী। |

| | | |
|---|---|---|
| ২০ | পরিবার পরিকল্পনা অফিস | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান, অক্টোবর/২০২১ খ্রি মাসে উপজেলায় মোট সক্ষম দম্পতির সংখ্যা ২০৫৫০ জন। মোট পদ্ধতি গ্রহনকারীর সংখ্যা ১৫৬২৪ জন। পরিবার পরিকল্পনা পদ্ধতি গ্রহণকারীর হার (সিএআর) ৭৬.০২% স্থায়ী পদ্ধতি ১১ জন, দীর্ঘ মেয়াদী পদ্ধতির মধ্যে ইমপ্ল্যান্ট ৩৫ জন, আইইউডি ১২ জন। অস্থায়ী পদ্ধতি গ্রহণকারীর মধ্যে ইনজেকশন ২৭ জন, খাবার বড়ি ৫৪ জন এবং কনডম ২৩ জন। মা ও শিশু স্বাস্থ্য কার্যক্রমের মধ্যে প্রাতিষ্ঠানিক সেবা ৩০জন, গর্ভবতী মায়ের সেবা ১৮৫ জন, প্রসব পরবর্তী সেবা ১২৭ জন এবং নবজাতকের সেবা ১২৩ জন। ০৪ টি ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে ১৮টি স্যাটেলাইট ক্লিনিকে মাঠ কর্মীদের বাড়ি পরিদর্শনের মাধ্যমে উক্ত সেবা প্রদান করা হয়, তাছাড়া কোভিড-১৯ পরিবার পরিকল্পনা, মা ও শিশু স্বাস্থ্য, বাল্য বিবাহ এবং পুষ্টি বিষয়ে জনগণকে অধিকতর সচেতন করা হয়। বাস্তবায়নেঃ উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা। |
| ২১ | পল্লীবিদ্যুৎ | ডিজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি সভায় জানান যে, তার কার্যালয়ের দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক। |
| ২২ | জনস্বাস্থ্য প্রকৌশল অফিস | উপ-সহকারী প্রকৌশলী সভায় জানান যে, তার কার্যালয়ের দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক। |
| ২৩ | "পরিচ্ছন্ন গ্রাম, পরিচ্ছন্ন শহর" বাস্তবায়ন সংক্রান্ত | জনপ্রশাসন মন্ত্রণালয়, মাঠ প্রশাসন-২ শাখা, বাংলাদেশ সচিবালয় হতে প্রাপ্ত "পরিচ্ছন্ন গ্রাম, পরিচ্ছন্ন শহর" বাস্তবায়ন সংক্রান্ত নির্দেশনার আলোকে স্বল্পমেয়াদী (তিন মাসব্যাপী), মধ্যমেয়াদী (বছরব্যাপী) এবং দীর্ঘমেয়াদী (চলমান) কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। মুজিব বর্ষকে সামনে রেখে পরিচ্ছন্ন বাংলাদেশ গড়ে তোলার লক্ষ্যে "পরিচ্ছন্ন গ্রাম, পরিচ্ছন্ন শহর" এর কার্যক্রম নির্দেশনা অনুযায়ী বাস্তবায়ন করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। বাস্তবায়নে : উপজেলা পরিষদ, উপজেলা প্রশাসন, মেয়র, পরশুরাম পৌরসভা, চেয়ারম্যান, সংশ্লিষ্ট ইউ পি (সকল) ও উপজেলা পরিষদের সকল সরকারি দপ্তর। |
| ২৪ | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প সংক্রান্ত | উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর (ইউডিএফ), পরশুরাম জানান যে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ও জাইকার অর্থায়নের স্থানীয় সরকার বিভাগ কর্তৃক সরাসরি বাস্তবায়িত উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় পরশুরাম উপজেলায় ২০২০-২০২১ অর্থ বছরের (৫ম পর্যায়ে) অবকাঠামো উপ প্রকল্পের আওতায় ৪০ লক্ষ টাকা বরাদ্দ পাওয়া গেছে গত ১০/১১/২০২১খ্রিঃ অনুষ্ঠিত প্রকল্প বাছাই কমিটির সভায় নিম্নের উপ প্রকল্পটি চুড়ান্ত ভাবে গৃহিত হয়।<br>১। প্রকল্পের নামঃ ফেনী জেলার পরশুরাম উপজেলার ৪টি শিক্ষা প্রতিষ্ঠানে ০১টি করে নতুন শ্রেণিকক্ষ নির্মাণ (খন্ডল বহুমুখী উচ্চ বিদ্যালয় এবং কলেজের জন্য ০১টি নতুন শ্রেণিকক্ষ নির্মাণ, পরশুরাম ইসলামিয়া ফাজিল মাদ্রাসার ০১টি নতুন শ্রেণিকক্ষ নির্মাণ, পরশুরাম কবি সামসুন নাহার মাহমুদ পাইলট বালিকা উচ্চ বিদ্যালয়ের জন্য ০১টি নতুন শ্রেণিকক্ষ নির্মাণ, বটতলী ইসলামিয়া আলিম মাদ্রাসার ০১টি নতুন শ্রেণিকক্ষ নির্মাণ। উক্ত প্রকল্পটি অনুমোদনের জন্য পরিষদের সভায় পেশ করা হলো।<br>সিদ্ধান্তঃ এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে উপ প্রকল্পটি, প্রকল্প অফিস ঢাকাতে প্রেরণের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়। |
| ২৫ | বিবিধ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পরশুরাম, ফেনী এর ভাইস-চেয়ারম্যান কক্ষের হাতওয়ালা কুশন চেয়ার ১০টি, আলমিরা ১টি এবং টেবিল ১টি ব্যবহারের অনুপযোগি হওয়ায় উহা স্থানীয় মিস্ত্রি মাধ্যমে মেরামত করা হয়েছে এবং উপজেলা পরিষদ খোকা মিয়া মিলনায়তনে বাল্ব ৮টি ক্রয় করা হয়েছে। উহার ব্যয় বাবদ মজুরী,ভ্যাট ও আয়করসহ মোট ১৮৩৫০/- (আটার হাজার তিনশত পঞ্চাশ) টাকা। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের আসবাব পত্র মেরামত খাত হতে পরিশোধের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়। |
| ২৬ | মুজিববর্ষ উদযাপন সংক্রান্ত | বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশত বার্ষিকী উদযাপন উপলক্ষে পরশুরাম উপজেলার সকল সরকারি দপ্তর ও স্থানীয় সরকার বিভাগের সকল প্রতিষ্ঠানসমূহকে মুজিববর্ষের বর্ষব্যাপী সকল কার্যক্রম সুচারুরূপে সম্পাদনের জন্য নির্দেশনা প্রদান করা হয়। বাস্তবায়নেঃ উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা পরিষদের সকল সরকারি দপ্তর। |

22/11/21

কামাল উদ্দিন মজুমদার
চেয়ারম্যান
ও
সভাপতি
উপজেলা পরিষদ মাসিক সভা
পরশুরাম, ফেনী

স্মারক নং- ০৫.২০.৩০৫১.০০১.১৮.০০৫.২১- ৮৩৩

০৭ অগ্রহায়ণ ১৪২৮
২২ নভেম্বর ২০২১

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরিত হলো ঃ

০১। মাননীয় সংসদ সদস্য, ফেনী-১
০২। সচিব, দুর্যোগ ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৩। সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৪। পরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৫। পরিচালক, ত্রাণ অধিদপ্তর, দুর্যোগ ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৬। পরিচালক, স্থানীয় সরকার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম
০৭। জেলা প্রশাসক, ফেনী
০৮। উপ-সচিব (উপজেলা শাখা), পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৯। প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, এলজিইডি, ঢাকা
১০। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, ফেনী
১১। জেলা ত্রাণ কর্মকর্তা, ফেনী
১২। ........................................................পরশুরাম, ফেনী
১৩। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, পরশুরাম উপজেলা পরিষদ, ফেনী
১৪। অফিস কপি

২২/১১/২১

প্রিয়াংকা দত্ত
উপজেলা নির্বাহী অফিসার
পরশুরাম, ফেনী

# মাসিক সভা

| | | |
|---|---|---|
| ০১ | জনাব শিরিন আকতার<br>মাননীয় সংসদ সদস্য - ফেনী। | |
| ০২ | জনাব কামাল উদ্দিন মজুমদার<br>চেয়ারম্যান উপজেলা পরিষদ | [signature] |
| ০৩ | জনাব নিজাম উদ্দিন আহমেদ চৌধুরী<br>মেয়র পরশুরাম পৌরসভা | [signature] |
| ০৪ | জনাব এনামুল করিম মজুমদার<br>ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ | [signature] |
| ০৫ | জনাব সামছুন নাহার<br>মহিলা ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ | সামছুন নাহার |
| ০৬ | জনাব নুরুজ্জামান (ভূঁইয়া)<br>চেয়ারম্যান ০২নং মির্জানগর ইউ.পি. | নুরুজ্জামান |
| ০৭ | জনাব জসিম উদ্দিন<br>চেয়ারম্যান ০৩নং চিথলিয়া ইউপি | [signature] |
| ০৮ | জনাব জাকির হোসেন চৌধুরী<br>চেয়ারম্যান ৪নং বক্সমাহমুদ ইউ.পি. | [signature] |
| ০৯ | জনাব রাহেলা আক্তার<br>সংরক্ষিত মহিলা সদস্য | Rah |

## মাসিক সভা

নভেম্বর-২০২১
তাং ১৫/১১/২১ ইং

| | |
|---|---|
| জনাব প্রিয়াংকা দত্ত<br>উপজেলা নির্বাহী অফিসার পরশুরাম, ফেনী, | [signature] |
| উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তা<br>পরশুরাম ফেনী, | [signature] |
| উপজেলা কৃষি কর্মকর্তা<br>পরশুরাম, ফেনী, | [signature] |
| উপজেলা সমাজ সেবা কর্মকর্তা<br>পরশুরাম ফেনী, | [signature] |
| উপজেলা প্রাণী ~~সম্পদ~~ সম্পদ কর্মকর্তা<br>পরশুরাম, ফেনী, | [signature] ১৫/১১/২১ |
| উপজেলা প্রকৌশলী (LGED)<br>পরশুরাম, ফেনী, | [signature] 15.11.21 |
| উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা<br>পরশুরাম ফেনী, | [signature] 15.11.21 |
| উপজেলা শিক্ষা কর্মকর্তা<br>পরশুরাম ফেনী, | [signature] 15/11/2021 |
| উপজেলা মৎস্য কর্মকর্তা<br>পরশুরাম ফেনী, | [signature] |
| উপজেলা সমবায় কর্মকর্তা<br>পরশুরাম ফেনী, | |

| | | |
|---|---|---|
| ১১ | উপজেলা [illegible] কর্মকর্তা<br>পরশুরাম, ফেনী. | |
| ১২ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা<br>পরশুরাম ফেনী. | |
| ১৩ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা<br>পরশুরাম ফেনী. | |
| ১৪ | উপ: সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য)<br>পরশুরাম ফেনী. | |
| ১৫ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা<br>পরশুরাম ফেনী. | |
| ১৬ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা<br>পরশুরাম ফেনী. | |
| ১৭ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা<br>পরশুরাম ফেনী. | |
| ১৮ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কর্মকর্তা<br>পরশুরাম ফেনী. | |
| ১৯ | ম্যানেজার পল্লী সঞ্চয় ব্যাংক<br>পরশুরাম ফেনী, | |